



চট্টগ্রাম বন্দর মহিলা কলেজ

বন্দর, চট্টগ্রাম-৪১০০

EIIN: 138384, কলেজ কোড:৬৬৬৬

এক্স-৫৩১৭

E-mail : cpwomencollege@gmail.com, Website : www.cbmc.edu.bd


তারিখ:- ২৯ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি.

বিজ্ঞপ্তি : ৪৮ / ২০২৪

এতদ্বারা চট্টগ্রাম বন্দর মহিলা কলেজ এর একাদশ শ্রেণি (শিক্ষাবর্ষ ২০২৩-২০২৪) শিক্ষার্থীদের অবগত করা যাচ্ছে যে, “বাংলাদেশ স্কাউটস চট্টগ্রাম বন্দর রেলওয়ে জেলা” কর্তৃক আগামী ০৬-১০ মার্চ, ২০২৪ তারিখ পর্যন্ত মোট ০৫ দিনব্যাপী চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ উচ্চ বিদ্যালয় মাঠে জেলা সমাবেশ, জেলা রোভার মুট এবং বন্দর রি-পাবলিক ক্লাব মাঠে কাব ক্যাম্পুরী অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে চট্টগ্রাম বন্দর রেলওয়ে জেলার প্রধান পৃষ্ঠপোষক ও চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের মাননীয় চেয়ারম্যান রিয়ার এ্যাডমিরাল মোহাম্মদ সোহায়েল, ও বিশেষ অতিথি চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সম্মানিত সদস্যগণ, বিভাগীয় প্রধানগণ, বন্দর কর্তৃপক্ষের উচ্চপদস্থ কর্মকর্তাগণ, বাংলাদেশ স্কাউটস এর জাতীয় কমিশনারবৃন্দ ও জাতীয় উপ-কমিশনারবৃন্দসহ আঞ্চলিক পর্যায়ের বিভিন্ন নেতৃবৃন্দ ভিন্ন ভিন্ন স্কাউট প্রোগ্রামে উপস্থিত থাকবেন মর্মে আশা করা যায়। উক্ত ক্যাম্পুরী ও জেলা সমাবেশে দুই (০২) টি দল গঠন করার জন্য তেইশ (২৩) জন স্কাউট সদস্য প্রয়োজন।

অতএব, উক্ত ক্যাম্পুরী ও জেলা সমাবেশে চট্টগ্রাম বন্দর মহিলা কলেজ এর একাদশ শ্রেণি (শিক্ষাবর্ষ ২০২৩-২০২৪) এর রোভার স্কাউট শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য আগামী ০৩/০৩/২০২৪ রবিবার প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদন করার নির্দেশ প্রদান করা যাচ্ছে।

বি: দ্র: উক্ত রোভার মুটে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের ০৬ হতে ১০ মার্চ এর মিডটার্মের পরীক্ষাসমূহ যেকোন সুবিধাজনক সময়ে গ্রহণ করা হবে। উক্ত শিক্ষার্থীদের রোভার মুটে অংশগ্রহণ বাধ্যতামূলক।

 ২৯.০২.২৪

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

চট্টগ্রাম বন্দর মহিলা কলেজ

মর্জিনা খালম
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম বন্দর মহিলা কলেজ